ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৬২৯

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৫

**খোয়াই সফরে রাজ্যপাল**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ খোয়াই সফর করেন। সকালে খোয়াই গিয়ে পৌঁছলে তাঁকে স্বাগত জানান খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ, পুলিশ সুপার রণদিত্য দাস প্রমুখ। রাজ্যপালকে পুলিশের পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। তিনি জেলার বিভিন্ন সীমান্ত এলাকায় কাঁটাতারের বেড়া পরিদর্শন করেন। সেই সময় সীমান্ত এলাকায় বিএসএফ'র বিভিন্ন কাজ সম্পর্কে রাজ্যপালকে বিএসএফ'র ১০৪ ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট অবহিত করেন। ধলাই, ঊনকোটি এবং উত্তর জেলা সফর শেষ করার পর তিনি আজ খোয়াই জেলা পরিদর্শন করেন। এর পর রাজ্যপাল আগরতলা ফিরে আসেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******